

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

নম্বর- ৪৯.০৪.০০০০.০১০.০০.৭৩৩.২০১৭(০৫)-১৬৯

তারিখ: ০১-০৮-২০১৭খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান শ্রেণিতে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- (১) আবেদনকারীকে ২০১৭ সালে এসএসসি অথবা সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ অথবা সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;
- (২) বিদেশে বৈধভাবে গমনকারী/বৈধভাবে কর্মরত কর্মীর সন্তানগণ (প্রত্যাগত কর্মী ও মৃতকর্মীসহ) শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- (৩) i) এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী বৃত্তির জন্য মনোনীত হলে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে ২ বছর এবং ডিপ্লোমা শ্রেণির ক্ষেত্রে ৪ বছর মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে;
ii) বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে একাদশ ও দ্বাদশ ২ বছর এবং ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ৪ বছর ৩০০০/- (তিন হাজার) টাকা করে প্রদান করা হবে;
- (৪) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
 - i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট ও ভিসা এবং বহির্গমন ছাড়পত্র/স্মার্ট কার্ড এর সত্যায়িত ফটোকপি/বিদেশে বৈধভাবে কর্মরত আছেন/ছিলেন মর্মে দূতাবাস অথবা হাইকমিশন কর্তৃক প্রত্যয়ন পত্র/ইকামার কপি ইত্যাদি) সত্যায়িত কপি;
 - ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ অবশ্যই দাখিল করতে হবে;
 - iii) একাদশ/ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে অধ্যয়নরত রয়েছেন মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
 - iv) শিক্ষার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
 - v) মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
- (৫) আবেদনপত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে সংগ্রহ করা যাবে;
- (৬) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩১ আগস্ট, ২০১৭খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌঁছাতে হবে;
- (৭) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (৮) আর্থিকভাবে অস্বচ্ছল প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;
- (৯) যে কোন তথ্যের জন্য জনাব মোঃ জাহিদ আনোয়ার, সহকারী পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (ফোনঃ ০২-৪৯৩৫৪২৮৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)

উপ-সচিব

পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

d.ad@wewb.gov.bd